

## 📃 আল-ফাজর | Al-Fajr | ٱلْفَجْر

আয়াতঃ ৮৯:১

💵 আরবি মূল আয়াত:



## 

কসম ভোরবেলার। — আল-বায়ান

ঊষার শপথ, – তাইসিরুল

শপথ ঊষার, – মুজিবুর রহমান

By the dawn — Sahih International

## ১. শপথ ফজরের(১),

(১) শপথের পাঁচটি বিষয়ের মধ্যে প্রথম বিষয় হচ্ছে ফজর অর্থাৎ সোবহে-সাদেকের সময়, যা উষা নামে খ্যাত। এখানে কোন 'ফজর' উদ্দেশ্য নেয়া হয়েছে এ ব্যাপারে কয়েকটি মত রয়েছে। এক. প্রত্যেক দিনের প্রভাতকাল উদ্দেশ্য। কারণ, প্রভাতকাল বিশ্বে এক মহাবিপ্লব আন্য়ন করে এবং আল্লাহ্ তা'আলার অপার কুদরতের দিকে পথ প্রদর্শন করে। দুই. এখানে বিশেষ দিনের প্রভাতকাল বোঝানো হয়েছে। সে হিসেবে কারো কারো মতে এর দ্বারা মহররম মাসের প্রথম তারিখের প্রভাতকাল উদ্দেশ্য; কারণ এ দিনটি ইসলামী চন্দ্র বছরের সূচনা। কেউ কেউ এর অর্থ নিয়েছেন, যিলহজ্জ মাসের দশম তারিখের প্রভাতকাল। ফাতহুল কাদীর

তাফসীরে জাকারিয়া

## 🕽। শপথ ফজরের। [1]

[1] এর দ্বারা সাধারণ ফজর বোঝান হয়েছে। কোন নির্দিষ্ট দিনের ফজর উদ্দেশ্য নয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5994

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন